



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার  
([www.moulvibazarsadar.moulvibazar.gov.bd](http://www.moulvibazarsadar.moulvibazar.gov.bd))

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে “বিভাগীয় কমিশনার, সিলেট মহোদয়ের কার্যালয় হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সিলেট” সফর এবং এতদসংক্রান্ত তথ্যের বিবরণ সম্বলিত একটি গ্রন্থ প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত গ্রন্থে নিম্নবর্ণিত তথ্য/প্রমাণাদি অন্তর্ভুক্ত থাকতে পারে;

- ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৌলভীবাজার সদর উপজেলায় প্রদত্ত ভাষণ, বক্তৃতা ও বিবৃতি;
- খ. মৌলভীবাজার সদর উপজেলার বাসিন্দাদের প্রতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের লেখা চিঠি;
- গ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৌলভীবাজার সদর উপজেলায় সফর বা অবস্থান কেন্দ্রিক পত্রপত্রিকায় প্রকাশিত সংবাদ;
- ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৌলভীবাজার সদর উপজেলায় সফরের বিবরণ, যাত্রাপথ, যাত্রাবিরতি ও সফরকেন্দ্রিক আলোকচিত্র;
- ঙ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৌলভীবাজার সদর উপজেলায় সফরের স্মৃতি বিজড়িত স্থানের বিবরণ ও আলোকচিত্র;
- চ. স্মৃতিতে শেখ মুজিব: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রত্যক্ষ সাহচর্যে এসেছেন মৌলভীবাজার সদর উপজেলার একরূপ ব্যক্তিবর্গের স্মৃতিচারণ ও আলোকচিত্র এবং
- ছ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৌলভীবাজার সদর উপজেলা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

এমতাবস্থায় উক্ত গ্রন্থ প্রকাশের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মৌলভীবাজার সদর উপজেলায় সফর ও এতদসংক্রান্ত তথ্য/প্রমাণাদি সংগ্রহে থাকলে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. তারিখের মধ্যে দাখিল করার জন্য এবং বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানানো হলো।

Sakrina  
(সাবরীনা রহমান) 21/9/2021

উপজেলা নির্বাহী অফিসার  
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার  
☎ ০৮৬১-৬৩৭৫৪

ই-মেইল : [unomoulvibazar@mopa.gov.bd](mailto:unomoulvibazar@mopa.gov.bd)

**অনুলিপি :** সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে

০১. জনাব নেছার আহমদ, মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-৩;
০২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট;
০৩. জেলা প্রশাসক, মৌলভীবাজার;
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর;
০৫. উপজেলা----- অফিসার(সকল), মৌলভীবাজার সদর;
০৬. চেয়ারম্যান----- ইউনিয়ন পরিষদ(সকল), মৌলভীবাজার সদর;
০৭. সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, মৌলভীবাজার;
০৮. সম্পাদক, দৈনিক-----। (বিজ্ঞপ্তিটি আগামী-----খ্রি.  
তারিখের মধ্যে পত্রিকার ভিতরের পাতায় একদিন স্বল্প পরিসরে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
০৯. জনাব-----মৌলভীবাজার সদর।